গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
প্রশাসন-২ অধিশাখা
www.mor.gov.bd

বিষয়ঃ রেলপথ মন্ত্রণালয়ের ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রকাশ উপলক্ষ্যে অনুষ্ঠিত ৩য় প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব আহ্‌মেদ মোর্শেদ<br>অতিরিক্ত সচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয় |
| সভার তারিখ | : | ০৬ সেপ্টেম্বর ২০২০ |
| সময় | : | সকাল ১১.০০ টায় |
| স্থান | : | রেলভবনস্থ ৯ম তলার সভাকক্ষ (কক্ষ নং ৯৩০) |
| সভায় উপস্থিতি | : | পরিশিষ্ট 'ক' |

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

০২। সভায় তিনি বলেন যে, রেলপথ মন্ত্রণালয়ের ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রস্তুতের লক্ষ্যে আজ তৃতীয় সভা অনুষ্ঠিত হচ্ছে। গত সভায় একটি গাইডলাইন প্রদান করা হয়েছিল। আশা করি সে গাইড লাইনের আলোকে সবাই তাদের প্রস্তুতি গ্রহণ করছেন। অত:পর তিনি কমিটির সদস্য-সচিব এবং উপসচিব (প্রশাসন-৪)-কে আলোচ্যসূচি অনুযায়ী সর্বশেষ অগ্রগতি সভায় উপস্থাপনের অনুরোধ জানান।

০৩। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (প্রশাসন-৪) বলেন যে, বার্ষিক প্রতিবেদনের বিভিন্ন বিষয়ের উপর লেখা ইতোমধ্যে পাওয়া গিয়েছে, যা পরীক্ষা-নিরীক্ষা করা প্রয়োজন। অত:পর তিনি এজেন্ডাভিত্তিক কার্যক্রমের সর্বশেষ বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করেন।

০৪। বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রমিক নং | সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|
| ০১ | ভূমিকা, মাননীয় মন্ত্রী এবং সচিব-এঁর বাণী ও প্রতিবেদনের কভার পেজ প্রস্তুত করণের নিমিত্তে যে খসড়া উপস্থাপন করা হয়েছে তা আরও যাচাই বাছাইপূর্বক ১০.০৯.২০২০ তারিখের মধ্যে বার্ষিক প্রতিবেদন ২০১৯-২০ প্রস্তুত কমিটির আহ্বায়কের নিকট জমা দিতে হবে। | জনাব অসীম কুমার তালুকদার, সরকারী রেল পরিদর্শক, রেলপথ পরিদর্শন অধিদপ্তর |
| ০২ | মন্ত্রণালয়ের ভিশন ও মিশন, কর্মপরিধি, মন্ত্রণালয়ের সাংগঠনিক কাঠামো, জনবল, মন্ত্রণালয়ের বিভিন্ন বিভাগ ও অনুবিভাগের কর্মবন্টন, বিভিন্ন শাখা ভিত্তিক কার্যক্রম প্রতিবেদনে অন্তর্ভূক্তকরণ, তথ্য প্রদানকারী কর্মকর্তা ও আপীলেট কর্তৃপক্ষের তথ্য আরও যাচাই বাছাইপূর্বক গাইড লাইন অনুযায়ী প্রস্তুত করে ১০.০৯.২০২০ তারিখের মধ্যে প্রশাসন-২ শাখায় প্রেরণ করতে হবে। | উপসচিব (প্রশাসন-১), রেলপথ মন্ত্রণালয় প্রত্যেক শাখা হতে তথ্য প্রতিবেদন আকারে সংগ্রহ করে প্রতিবেদন প্রস্তুত কমিটির সদস্য সচিব বরাবর প্রেরণ করবেন। |
| ০৩ | ৭ম পঞ্চ-বার্ষিকী পরিকল্পনা, এসডিজি, ইস্তাম্বুল প্ল্যান অব অ্যাকশন, বাংলাদেশ রেলওয়ের জন্য মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনা, নির্বাচনী ইশতেহার-২০১৮ ইত্যাদি বিষয়ের প্রতিফলন ঘটিয়ে রেলপথ মন্ত্রণালয়ের ২০১৯-২০ অর্থবছরের উল্লেখযোগ্য অর্জন/ ঘটনাবলী গাইড লাইন অনুযায়ী সংক্ষিপ্ত আকারে উপস্থাপন করতে হবে। প্রতিবেদন উপস্থাপনকালে বাস্তবিক অগ্রগতি উল্লেখ করার ক্ষেত্রে মন্ত্রণালয়ের অগ্রগতি উন্নয়ন অনুবিভাগ, রেলপথ মন্ত্রণালয় কর্তৃক এবং বাংলাদেশ রেলওয়ের অগ্রগতি অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন) দপ্তর কর্তৃক যাচাইপূর্বক প্রেরণ নিশ্চিত করতে হবে। | (ক) অনুবিভাগ প্রধান (সকল)<br>(খ) যুগ্মসচিব (প্রশাসন-২) রেলপথ মন্ত্রণালয়<br>(গ) অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন) |
| ০৪ | ২০১৯-২০ অর্থবছরে বাংলাদেশ রেলওয়ে কর্তৃক গৃহীত বিভিন্ন প্রকল্পের বিষয়ে বিস্তারিত তথ্য থাকতে হবে। প্রকল্পের উদ্দেশ্য, নতুন প্রকল্প, সংশোধিত প্রকল্প, উন্নয়ন প্রকল্পসমূহের প্রকল্পভিত্তিক বাস্তবায়ন এবং বার্ষিক কর্মসম্পাদন চুক্তির বাস্তবায়ন অগ্রগতির বিষয়ে প্রতিবেদন প্রণয়নকালে বিশেষত: ৭ম পঞ্চ-বার্ষিকী পরিকল্পনা, এসডিজি, ইস্তাম্বুল প্ল্যান অব অ্যাকশন, মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি, নির্বাচনী ইশতেহার-২০১৮ ইত্যাদি বিষয়ের প্রতিফলন করে আগামী ১০.০৯.২০২০ তারিখের মধ্যে একটি খসড়া প্রতিবেদন বার্ষিক প্রতিবেদন ২০১৯-২০ প্রস্তুত কমিটির আহ্বায়কের নিকট জমা দিতে হবে। | প্রধান পরিকল্পনা কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ে |

| | | |
|---|---|---|
| ০৫ | সরকারী রেল পরিদর্শন অধিদপ্তরের প্রস্তুতকৃত বার্ষিক প্রতিবেদনে বিশেষত: জনবল, কর্মপরিধি এবং এপিএ এর কার্যক্রম বাস্তবায়নে ৭ম পঞ্চ-বার্ষিকী পরিকল্পনা, এসডিজি, ইস্তাম্বুল প্ল্যান অব অ্যাকশন, বাংলাদেশ রেলওয়ের জন্য মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি, নির্বাচনী ইশতেহার-২০১৮ ইত্যাদি বিষয়ে প্রতিফলন থাকতে হবে।এক্ষেত্রে মন্ত্রণালয়ের প্রদত্ত গাইড লাইন অনুসরণ করতে হবে। | জনাব অসীম কুমার তালুকদার, সরকারী রেল পরিদর্শক, রেলপথ পরিদর্শন অধিদপ্তর |
| ০৬ | প্রতিবেদন প্রস্তুতকরণের নিমিত্ত ছবি বাছাইয়ের ক্ষেত্রে বিভিন্ন প্রকল্প, উদ্বোধনী অনুষ্ঠান, প্রশিক্ষণ, পরিদর্শন, ঐতিহাসিক স্থাপনাসমূহ, রেলপথ মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়ের গুরুত্বপূর্ণ স্থাপনাসমূহ, রেলভবনে অনুষ্ঠিত বিভিন্ন সভা, চুক্তি স্বাক্ষর, মাননীয় মন্ত্রী কর্তৃক বিদেশ ভ্রমণ, আন্তর্জাতিক মিটিং, যাত্রী সেবা, মুজিব কর্ণারসহ বিভিন্ন উল্লেখযোগ্য লোকেশনের ছবি বাছাই করতে হবে। যুগ্মসচিব (উন্নয়ন-৪) ড. মো: খালেদ হোসেন ছবি বাছাই এর বিষয়টি সমন্বয় করবেন।পরবর্তী সভার পূর্বেই ছবিসমূহ সংগ্রহ করে বার্ষিক প্রতিবেদন ২০১৯-২০ প্রস্তুত কমিটির আহ্বায়কের নিকট উপস্থাপন করতে হবে। | (১) ড. মো: খালেদ হোসেন, যুগ্মসচিব (উন্নয়ন-৪)<br>(২) প্রধান পরিকল্পনা কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ে<br>(৩) সিনিয়র তথ্য অফিসার, রেলপথ মন্ত্রণালয়<br>(৪) পরিচালক (ট্রাফিক), বাংলাদেশ রেলওয়ে |
| ০৭ | বাংলাদেশ রেলওয়ের সাংগঠনিক কাঠামো, জনবল কাঠামো, সিটিজেন চার্টার এবং বাংলাদেশ রেলওয়ে কর্তৃক অনুসৃত আইন/বিধি/কোড/ ম্যানুয়েলের তালিকা গাইড লাইন অনুযায়ী আগামী ১০.০৯.২০২০ তারিখের মধ্যে কমিটির সদস্য সচিবের নিকট জমা দিবেন। | পরিচালক (সংস্থাপন), বাংলাদেশ রেলওয়ে |
| ০৮ | বাংলাদেশ রেলওয়ের ইতিহাস/বিবর্তন সম্পর্কিত বিষয়াদি বার্ষিক প্রতিবেদন ২০১৯-২০ এ পরিশিষ্ট আকারে দেয়া হবে। | প্রধান পরিকল্পনা কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ে |
| ০৯। | প্রকল্পের অগ্রগতি সংক্রান্ত সমস্ত তথ্যাদি বাংলাদেশ রেলওয়ের প্রধান পরিকল্পনা কর্মকর্তার দপ্তর কর্তৃক ১০.০৯.২০২০ তারিখের মধ্যে প্রস্তুত করে কমিটির সদস্য-সচিব এর নিকট প্রদান করবেন। প্রধান পরিকল্পনা কর্মকর্তার দপ্তর কর্তৃক প্রস্তুতকৃত প্রকল্পের অগ্রগতির প্রতিবেদনের বিষয়ে উন্নয়ন ও পরিকল্পনা অনুবিভাগ, রেলপথ মন্ত্রণালয় কর্তৃক যাচাই করতে হবে। | (১) অতিরিক্ত সচিব (উন্নয়ন ও পরিকল্পনা)<br>(২) প্রধান পরিকল্পনা কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ে |

০৫। আগামী ১৬.০৯.২০২০ তারিখ রবিবার সকাল ১১.০০ টায় কমিটির পরবর্তী সভা অনুষ্ঠিত হবে। কমিটির সদস্যগণকে যথাসময়ে প্রয়োজনীয় লিখিত তথ্যাদিসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।

০৬। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৬/০৯/২০২০

(আহ্‌মেদ মোর্শেদ)
অতিরিক্ত সচিব (প্রশাসন)
ও
আহ্বায়ক
রেলপথ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন প্রস্তুতি কমিটি